বর্ষণমন্দ্রিত অন্ধকারে     এসেছি তোমারি এ দ্বারে,
পথিকেরে লহো ডাকি     তব মন্দিরের এক ধারে ॥
বনপথ হতে, সুন্দরী,     এনেছি মল্লিকামঞ্জরী –
তুমি লবে নিজ বেণীবন্ধে    মনে রেখেছি এ দুরাশারে ॥
কোনো কথা নাহি ব'লে     ধীরে ধীরে ফিরে যাব চলে ।
ঝিল্লিঝঙ্কৃত নিশীথে    পথে যেতে বাঁশরিতে
শেষ গান পাঠাব তোমা-পানে শেষ উপহারে ॥

---

Parjaay: Prem, Taal: 2-2, Raag: Kafi-Kanara

Visit www.geetabitan.com for notation and other detail